## সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা'র মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ আশরাফুল আলম সরকার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
তারিখ ঃ ১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ।
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-ক)।
অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-খ)।

জনাব মোঃ আশরাফুল আলম সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হলে কোন প্রকার সংশোধনী/সংযোজনী না থাকায় সর্বসম্মতভাবে তা দৃঢ়ীকরণ করা হয়। এরপর আলোচনার মাধ্যমে ধারাবাহিকভাবে সভা পরিচালনা করা হয়।

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি'র ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব উন্নয়ন ও সরকারি বরাদ্দের মাধ্যমে গৃহিত প্রকল্প, প্রকল্প বাস্তবায়ন কমিটি ও টেন্ডার এর মাধ্যমে বাস্তবায়ন যোগ্য অনুমোদিত প্রকল্প তালিকা শীঘ্রই বাস্তবায়নের জন্য কার্যকরী ব্যবস্থা নেয়া হবে। দ্রুত প্রকল্প প্রস্তাব দাখিল করে এডিপি বাস্তবায়নের সহযোগিতার জন্য সংশ্লিষ্টদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।<br>এলসিএস কর্মী নিয়োগে চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। প্রদান করা সম্ভব হয়নি।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>উপজেলা যুব উন্নয়ন অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা র নামে বরাদ্দকৃত উপজেলা পরিষদের বাসা নং- ৬(গ) এর পানির ট্যাংকি স্থাপন ইত্যাদি মেরমত/সংস্কার কাজগুলি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩.ক উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে প্রাক্কলন প্রস্তুতপূর্বক বিধিমোতাবেক সম্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয়। | ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব উন্নয়ন ও সরকারি বরাদ্দের মাধ্যমে গৃহিত প্রকল্পসমূহ প্রাক্কলন প্রস্তুত করে দ্রুত বিধিমোতাবেক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>এলসিএস কর্মী নিয়োগ দ্রুত সম্পন্ন করতে ইউপি চেয়ারম্যানদের প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।<br><br>উপজেলা যুব উন্নয়ন অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নামে বরাদ্দকৃত উপজেলা পরিষদের বাসা নং-৬(গ) এর পানির ট্যাংকি স্থাপন সংক্রান্ত মেরমত/সংস্কার কাজগুলি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩.ক উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে প্রাক্কলন অনুমোদন করে বিধিমোতাবেক সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ২. | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান, জুলাই/২৩ মাসে ১৫,৮৩৩ টি এবং আগস্ট/২৩ মাসে ১৫,৯২০ টি পশুকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। এ যাবৎ এ উপজেলায় ৫৫৯টি গরু ল্যাম্পি স্কিন ডিসিসে আক্রান্ত হয়েছে এবং এর মধ্যে ২০টি গরু মারা গেছে ৫৩৯ গরু সুস্থ্য হয়েছে। ল্যাম্পি স্কিন ডিসিস এখন নিয়ন্ত্রণে এসেছে। বিনামূল্যে পিপিআর এবং খুরা রোগের ভেকসিন দেয়া হচ্ছে। কিছু কিছু এনজিও এ উপজেলায় ল্যাম্পি স্কিন ডিসিস নিয়ে কাজ করার কথা বলে ঘোরাঘুরি করছে। এ বিষয়ে প্রাণিসম্পদ কর্মকর্তা কিছু জানেন কি'না জানতে চাওয়ার প্রেক্ষিতে প্রাণিসম্পদ কর্মকর্তা জানান ল্যাম্পি স্কিন ডিসিস বিষয়ে কোন এনজিও'র কাজ করার কোন সুযোগ নেই। এটি একটি নতুন ডিসিস এ নিয়ে দেশের প্রাণি বিজ্ঞানীরা এখনও গবেষণা করছেন। সঠিক চিকিৎসা এখনও আবিস্কার হয় নি। সরকারি নির্দেশনা অনুযায়ী | লাম্পি স্কিন ডিসিস প্রতিরোধে প্রাণিসম্পদ বিভাগকে কৃষক/ খামারীদের পাশে থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান অব্যহত রাখতে হবে।<br>খামারি/কৃষকদের সচেতন করে দ্রুত সঠিক চিকিৎসা গ্রহণে উদ্বুদ্ধ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রাণিসম্পদ বিভাগ খামারী/ কৃষকদের প্রয়োজনীয় চিকিৎসা এবং পরামর্শ প্রদান করে চলছে। কোন এনজিও'র ফাঁদে না পড়ার উপর গুরুত্বারোপ করেন। | | |
| ৩. | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার এইচএসসি পরীক্ষায় তদারকি অফিসারের দায়িত্বে নিয়োজিত থাকায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার |
| ৪. | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভাকে বলেন, আবহাওয়া অনুকূলে থাকায় আমন ফসলের বাম্পার ফলন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। এ বছর এ উপজেলায় আমন রোপনের লক্ষ্যমাত্রা ছিল ২৯,১৬২ হেক্টর এবং আমন রোপন লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। এ উপজেলায় অনাবাদী জমির পরিমান- ১৫ হেক্টর এবং অনাবাদী থেকে আবাদীর আওতায় এসেছে ৭ হেক্টর জমি। রবি প্রণোদনা প্রদানের লক্ষে মাঠ পর্যায়ে কৃষিকর্মগণ কাজ করছেন। | রবি ফসল চাষে কৃষকদের সঠিক পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে এবং প্রণোদনার কৃষক নির্বাচনে ইউপি চেয়ারম্যান/মেম্বরদের সাথে সমন্বয় করতে হবে। | উপজেলা কৃষি বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ৫. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (অতিঃ দাঃ), সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, ৫০ তম গ্রীষ্মকালীন স্কুল মাদ্রাসা ক্রীড়া প্রতিযোগিতা অদ্যই শেষ হবে।<br>এক প্রশ্নের জবাবে তিনি জানান, শিক্ষা প্রতিষ্ঠানের কমিটি গঠণ/প্রতিষ্ঠান প্রধানের দায়িত্ব পালন এবং প্রতিষ্ঠানের জমি সংক্রান্ত বিষয়ে বিজ্ঞ দেওয়ানী আদালতে এ উপজেলার প্রায় ৩০টি শিক্ষা শিক্ষা প্রতিষ্ঠানের মামলা চলমান আছে। এ সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।<br>তিনি সভাকে জানান, সহকারী শিক্ষক এনটিআরসিআর এর মাধ্যমে সহকারী শিক্ষক নিয়োগ হয়ে থাকে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনামতে প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক এবং কর্মচারী নিয়োগ কমিটির মাধ্যমে হয়ে থাকে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নিয়োগ কমিটির একজন সদস্য মাত্র।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, প্রধান শিক্ষক প্রতিষ্ঠানের নিয়োগসহ যাবতীয় কাজ নিজের ইচ্ছামত সম্পন্ন করতে সংগোপনে কমিটি গঠণ করে থাকেন মর্মে তার নিকট অভিযোগ আছে। | উপজেলার সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের কমিটি গঠণ সংক্রান্ত নির্বাচনী তপশিল স্ব-স্ব ইউপি চেয়ারম্যান ও অভিভাবকদের অবহিত করে প্রকাশ্যভাবে কমিটি গঠণ নিশ্চিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিয়োগসহ প্রতিষ্ঠানের যাবতীয় কার্যক্রম স্বচ্ছ করতে হলে স্বচ্ছভাবে কমিটি গঠণের উপর গুরুত্বারোপ করেন। এ লক্ষ্যে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের কমিটি গঠণের সময় নির্বাচনী তপশীল সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান এবং সকল অভিভাবকদের অবহিত করাসহ ব্যাপক প্রচার করা দরকার। | | |
| ৮. | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। স্বাবলম্বী করতে বিভিন্ন কোর্সে প্রশিক্ষণার্থী প্রেরণ অব্যাহত আছে। | প্রশিক্ষণার্থী নির্বাচনে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ৯. | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, যুব প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য পৌরসভার মধ্যে ৫০ শতাংশ জমি অধিগ্রহণের জন্য প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। প্রশিক্ষণ কেন্দ্র নির্মিত হলে উপজেলার বেকার যুবকদের স্বাবলম্বী করে গড়ে তুলতে সারা বছরব্যাপী প্রশিক্ষণ প্রদান অনেকটা সহজ হবে। | দ্রুত যুব প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে সর্বক্ষণিকভাবে অধিদপ্তরে যোগাযোগ করে অগ্রগতি সভাকে অবহিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকর |
| ১০. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার এইচএসসি পরীক্ষায় তদারকি অফিসারের দায়িত্বে নিয়োজিত থাকায় অনুপস্থিত। | আগামী সবায় উপস্তিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১১. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে | উপজেলা শিক্ষা অফিসার |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার এর অনুপস্থিতিতে সহকারী সমাজসেবা অফিসার জনাব নাজমুল হাসান সভাকে জানান, দুঃস্থ অসহায় নারীদের স্বাবলম্বী করতে এ উপজেলায় ১০২ গ্রামে ১,০৯,৫০,০০০/- (এক কোটি নয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঘুর্ণায়মান তহবিল হিসেবে বিয়োগ করা হয়েছে। বিনিয়োগকৃত অর্থের আদায়ের হার ৭৩%। বিভিন্ন ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন চলছে। নতুন ভাতাভোগীদের অনলাইন আবেদনের সময় শেষ হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সুবিধাভোগী নির্বাচন করা হবে। যারা এখনও লাইভ ভেরিফিকেশন করতে পারেনি তারা এখনও অফিসে এসে ভেরিফিকেশন করিয়ে নিতে পারবেন। | আদয়ের হার দ্রুত বৃদ্দি করতে হবে। যদের লাইভ ভেরিফিকেশন হয় নি তারা অফিসে এসে ভেরিফিকেশন করিয়ে নিতে উদ্বুদ্ধ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, ইউপি চেয়ারম্যানগণ ও সংশ্লিস্ট সকল |
| ১৩. | সামাজিক বন বিভাগ | ফরেস্টার, উপজেলা বন বিভাগ, সভাকে জানান, তার দপ্তর থেকে জুলাই/২৩ মাসে ১৫০টি এবং আগস্ট মাসে ২০০টি চারা বিক্রয় করা হয়েছে। বিভিন্ন ইউনিয়নে ইউনিযনের সাথে ইউনিয়ন পরিষদের রাস্তায় সামাজিক বনায়ন করেছেন। চুক্তি মোতাবেক গাছ কর্তনের সময় ইউনিয়ন পরিষদের মাধ্যমে আবেদন দাখিল করার উপর গুরুত্বারোপ করেন। | ইউনিয়ন পরিষদের রাস্তার গাছ কর্তনের আবেদন সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অবহিত করে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবর দাখিল করতে হবে। | ইউপি চেয়ারম্যান, ফরেস্টার সামাজিক বন বিভাগ ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | উপজেলা [illegible] অফিস ও সংশ্লিষ্ট সকল |
| ১৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের টিআর ও কাবিখা'র বরাদ্দ পাওয়া গেছে। যা ইতোমধ্যে বিভাজন করা হয়েছে। চেয়ারম্যানদের ইউপি সভার রেজুলেশনসহ প্রকল্প দাখিল করার উপর গুরুত্বারোপ করেন। | সরকারি বিধি অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের স্বার্থে যথাযথ নিয়ম অনুরসণ করে প্রকল্প প্রস্তাবনা দাখিল করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৬. | পল্লী বিদ্যুৎ | ডিজিএম পল্লী বিদ্যুৎ, সুন্দরগঞ্জ জানান, সুন্দরগঞ্জ উপজেলায় নির্মিত "ক" শ্রেণীর ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদান অব্যাহত আছে। সেচ সংযোগ প্রদান অব্যাহত রাখতে সেচ লাইসেন্স দ্রুত নবায়ন হাল নাগাদ করার উপর গুরুত্বারোপ করেন। বিদ্যুৎ সরবরাহ চাহিদার তুলনায় কম হওয়ায় লোড সেডিং বৃদ্ধি পাচ্ছে।<br>রাত ১১ থেকে ভোর ৬ টা পর্যন্ত সরকারি নির্দেশনা অনুযায়ী সেচযন্ত্র চালাতে এবং গ্যারেজ স্থাপন করে বানিজ্যিকভাবে যাতে কেউ ইজিবাইক চার্জ না দিতে পারে সে বিষয়ের উপর উপজেলা নির্বাহী অফিসার গুরুত্বারোপ করেন। | "ক" শ্রেণীর ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদান সংক্রান্ত হাল নাগাদ তথ্যাদি নিয়মিতভাবে উপজেলা নির্বাহী অফিসারকে সরবরাহ করতে হবে।<br>রাত ১১ থেকে ভোর ৬ টা পর্যন্ত সরকারি নির্দেশনা অনুযায়ী সেচযন্ত্র চালানো এবং গ্যারেজ স্থাপন করে বানিজ্যিকভাবে যাতে কেউ ইজিবাইক চার্জ না দিতে পারে তা নিশ্চিত করতে হবে। | ডিজিএম পল্লী বিদ্যুৎ ও সংশ্লিষ্ট সকল |
| ১৭. | মহিলা বিষয়ক অফিস | মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ভিডব্লিউবি এর বরাদ্দ পাওয়া গেছে এ সপ্তাহেই একসাথে ৩ মাসের ডিও ইস্যু করা হবে। তিনি আরো জানান, ভিডব্লিউবি সুবিধাভোগীর সংখ্যা মোট- ২৭৩৮ জন এবং মা ও শিশু সহায়তা কর্মসূচির সুবিধাভোগীর সংখ্যা- গত অর্থ বছরের ৪৮৫৭ জন এবং পৌর সভার ২৯৭ জন এব ২০২৩-২০২৪ অর্থ বছরের ১৮২ জন মোট ৫,৩৩৬ জন।<br>খাদ্য গুদাম হতে ভিডব্লিউবি এর চাল সরবরাহ গ্রহণের সময় প্রতিটি বস্তার চাল খাওয়ার উপযোগী কিনা তা যাচাই করে নেয়ার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার গুরুত্বারোপ করেন | মা ও শিশু সহায়তা সুবিধাভোগী নির্বাচনে 'ক' শ্রেণির ঘর বরাদ্দ প্রাপ্তদের অগ্রাধিকার প্রদান করতে হবে।<br>খাদ্য গুদাম হতে ভিডব্লিউবি এর চাল সরবরাহ গ্রহণের সময় ভাল মানের চাল সরবরাহ প্রদান ও গ্রহণ নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভারপ্রাপ্ত কর্মকর্তা খাদ্য গুদাম, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৮. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপজেলা জনস্বাস্থ্য অফিসার জানান মুজিববর্ষ উপলক্ষ্যে নির্মিত ভূমিহীন ও গৃহহীনদের জন্য বরাদ্দকৃত "ক" শ্রেণির ঘরে টিউবওয়েল স্থাপন ও শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াশব্লক নির্মাণের কাজ চলমান আছে। | মুজিববর্ষের নির্মিত "ক" শ্রেণীর ঘরগুলোতে নলকূপ স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশল (জনস্বাস্থ্য) ও সংশ্লিষ্ট সকল |
| ১৯. | সহকারী প্রোগ্রামার (আইসিটি) | সহকারী প্রোগ্রামার (আইসিটি) জানান, উপজেলার সকল অফিস/দপ্তর ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল | উপজেলার সকল অফিস ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ | সহকারী প্রোগ্রার আইসিটি, ইউপি চেয়ারম্যান, |
| ২০. | সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার, এইচএসসি পরীক্ষায় তদারকি কর্মকর্তার দায়িত্বে থাকায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে | উপজেলা সমবায় অফিসার |
| ২১. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান, ২০২৩ বোরো মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান সংগ্রহ অভিযান শেষ [illegible] চালের [illegible] বরাদ্দ পাওয়ায় সংগ্রহ অভিযান অব্যাহত [illegible]<br>উপজেলা নির্বাহী অফিসার [illegible] জানতে | ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটিগুলো যাতে নিয়মিতভাবে সভা অনুষ্ঠান [illegible] সভার কার্য বিবরণী দাখিল করে তা নিশ্চিত করতে হবে। সঠিক প্রক্রিয়ায় খাদ্যের গুণগত মান বজায় [illegible] | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক [illegible] |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চাওয়ার প্রেক্ষিতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান, প্রতিটি ইউনিয়নে ইউপি চেয়ারম্যানের সভাপতিত্বে ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটি আছে। বিদ্যমান কমিটি নিয়মিতভাবে সভা অনুষ্ঠান করে থাকে। দহবন্দ ইউনিয়নের ঝিনিয়া বাজারে ফেয়ারপ্রাইজ ডিলার জনাব মো: আ: মতিন এর অনিয়মের কারণে কারণ দর্শানো হলে কারণ দর্শানোর জবাব দাখিল করেছেন এবং হরিপুর ইউনিয়নে কাসিম বাজার এলাকায় একজন ডিলার নিয়োগ জন্য আবেদন পাওয়া গেছে। এ সংক্রান্ত কমিটির সভায় উপস্থাপন করে দহবন্দ ইউনিয়নের ডিলারের জবাব পর্যালোচনা এবং হরিপুর কাসিম বাজারের ডিলার নিয়োগ সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | গোডাউনে ধান/চাল সংগ্রহ নিশ্চিত করতে হবে। দ্রুত ফেয়ারপ্রাইজ ডিলার নিয়োগ ও অনিয়মের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে খাদ্য দ্রব্যের বাজার স্থিতিশীল রাখতে কাজ করতে হবে। | |
| ২২. | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভাকে জানান, সর্বজনীন পেনশন স্কীম নিয়ে তার দপ্তর কাজ করছে। বরাদ্দ পাওয়া গেছে, নিয়মিত উঠান বৈঠক অনুষ্ঠানসহ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সর্বজনীন পেনশন স্কীম সরকারের একটি অন্যতম কর্মসূচি। এর প্রচার প্রচারণা চালনোসহ সাধারণ মানুষকে সম্পৃক্ত করতে সকলকে স্ব-স্ব অবস্থান থেকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ২৩. | (বিএডিসি ক্ষুদ্র সেচ) | উপজেলা (বিএডিসি ক্ষুদ্র সেচ) সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | সহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ) |
| ২৪. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেপলপমেন্ট ফ্যাসিলেটেটর (পরিচালন ও উন্নয়ন প্রকল্প) (ইউজিডিপি) সভাকে জানান, ২০২১-২০২২ অর্থ বছরে প্রকল্প প্রস্তাব প্রেরণ নিশ্চিত করতে হবে। বিস্তারিত আলোচনার পর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সুন্দরগঞ্জে সাধারণ মানুষের চিকিৎসা সেবা সহজ করতে এবং বিজ্ঞান শিক্ষা বিস্তারে নিম্নরূপ প্রকল্প প্রস্তাবনা উপস্থাপন করেন।<br>ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আলট্রাসনোগ্রাম মেশিন ও জেনারেটর সরবরাহ প্রকল্প।<br>খ) প্রযুক্তিগত শিক্ষার প্রসার বিস্তারে বেলকা ডিগ্রী কলেজে বিজ্ঞানভবন/ একাডেমিক ভবন নির্মাণ উন্নয়ন প্রকল্প গ্রহন, প্রাক্কলন প্রস্তত ও প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রস্তুত করার উপর গুরুত্বারোপ করা হয়। | ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আলট্রাসনোগ্রাম মেশিন ও জেনারেটর সরবরাহ;<br>খ) প্রযুক্তিগত শিক্ষার প্রসার বিস্তারে বেলকা ডিগ্রী কলেজে বিজ্ঞান ভবন/ একাডেমিক ভবন নির্মাণ;<br>প্রকল্প ০২ দ'টি বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা ডেপলপমেন্ট ফ্যাসিলেটেটর এর মাধ্যমে পিএমইউ-তে দ্রুত প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ |
| ২৫. | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ ধার অব্যাহত রাখতে হবে। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা |
| ২৬. | স্টেশন মাস্টার (ফায়ার সার্ভিস) | স্টেশন মাস্টার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | স্টেশন মাস্টার, ফায়ার সার্ভিস |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৭. | জেলা মার্কেটিং অফিসার গাইবান্ধা | সভায় উপস্থিত জেলা মার্কেটিং অফিসার, গাইবান্ধা জানান, উপজেলা কোন মার্কেটিং অফিসারের অফিস নেই। জেলা থেকে এসে উপজেলা পর্যায়ে কৃষি বিপনন ও বাজার মনিটরিং এবং খুচরা ও পাইকারী মূল্য নিয়ে করা হয়ে থাকে। মীরগঞ্জ হাট ও সুন্দরগঞ্জ বাজারে দৃশ্যমান স্থানে মূল্য তালিকা টাংগানো যেতে পারে। পণ্যের অতিরিক্ত দাম নিলে বা কৃত্রিম সংকট তৈরী করা হলে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>উপজেলা নির্বহী অফিসার বলেন, পৌর এলাকায় সুন্দরগঞ্জ বাজার এবং মীরগঞ্জ হাটে মূল্য তালিকা টাংগানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবেন। | মীরগঞ্জ হাট ও সুন্দরগঞ্জ বাজারে দৃশ্যমান স্থানে মূল্য তালিকা টাংগানো নিশ্চিত করতে হবে। | পৌর মেয়র, সুন্দরগঞ্জ, দোকান মালিক সমিতি ও সংশ্লিষ্ট সকল |
| ২৮. | অফিসার ইন চার্জ সুন্দরগঞ্জ থানা | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা, সভায় অনুপস্থিত থাকায় আইন-শৃঙ্খলা সংক্রান্ত কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | অফিসার ইন চার্জ সুন্দরগঞ্জ থানা |
| ২৯. | অন্যান্য বিভাগীয় কর্মকর্তা | উপস্থিত অন্যান্য বিভাগীয় কর্মকর্তাগণ জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অনুপস্থিত কর্মকর্তাদের দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব না হওয়ায় তাদেরকে উপজেলা পরিষদের আগামী মাসিক সভাসহ প্রতিটি সভায় নিয়মিতভাবে উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রমের তথ্যাদি সভাকে অবহিত করার উপর গুরুত্বারোপ করা হয়। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | বিভাগীয়/দপ্তর/ অফিস প্রধানগণ |
| ৩০. | ইউপি চেয়ারম্যান | <u>চেয়ারম্যান রামজীবন ইউপি</u> :<br>চেয়ারম্যান রামজীবন ইউপি জানান, ইতোপূর্বে স্থাপিত রাস্তার সোলার লাইটগুলো [illegible] আর কাজ করে [illegible] লাইটগুলো মেরামত/সংস্কারের উপর গুরুত্বারোপ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, সোলার লাইটসমূহ যে দপ্তরের মাধ্যমে স্থাপন করা হয়েছিল সে দপ্তরের মাধ্যমে প্রয়োজনীয় মেরামত/সংস্কারের প্রকল্প প্রস্তাব প্রেরণ করার উপর গুরুত্বারোপ করেন।<br><u>চেয়ারম্যান ধোপাডাঙ্গা ইউপি</u> : চেয়ারম্যান ধোপাডাঙ্গা ইউপি সভাকে বলেন, তার ইউনিয়নের হাতিয়া চৌরাস্তাসহ বিভিন্নস্থানে রাস্তার সরকারি অংশ দখল করে দোকান / স্থাপনা নির্মাণ করে মানুষের সার্বিক চলাচলে বিঘ্ন সৃষ্টি করা হচ্ছে। এ বিষয়ে তিনি উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সুনির্দিষ্ট করে লিখিতভাবে রাস্তা দখলের [illegible] দোকান/স্থাপনা নির্মাণের স্থান অবহিত [illegible] জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান | • নষ্ট সোলার লাইটসমূহ মেরামত/ সংস্কারের জন্য প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করতে হবে।<br>• রাস্তা দখল করে দোকান/স্থাপনা নির্মাণের তথ্য সংগ্রহ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উচ্ছেদের পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানাতে হবে। | সহকারী কমিশনার (ভূমি), উপজেলা, প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধোপাডাঙ্গা ইউপি, চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ৩১. | মেয়র সুন্দরগঞ্জ পৌরসভা | মেয়র, সুন্দরগঞ্জ পৌসভা জানান সুন্দরগঞ্জ পৌর বাজারে আধুনিক কসাই খানা নির্মাণের লক্ষ্যে কাজ করা হচ্ছে নিয়মিতভাবে পৌর ট্যাক্স পরিশোধের | পৌর আদায়ের পাশাপাশি শহরের নাগরিকদের সেবার মান বৃদ্ধিতে মনোযোগী হতে হবে। ডেঙ্গুর | মেয়র সুন্দরগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন্য উপজেলা পরিষদকে ধন্যবাদ জানান। নিয়মিতভাবে পৌর কর পরিশোধ করা না হলে সরকারি বরাদ্দ বৃদ্ধি পায় না। সরকারি বরাদ্দের সাথে পৌর কর আদায়ের শর্ত জড়িত আছে। | প্রকোপ রোধে নিয়মিতভাবে মশক নিধনের লক্ষ্যে ঔষধ স্প্রে করতে হবে, রাস্তা মেরামত ও পর্যাপ্ত রোড লাইট স্থাপন নিশ্চিত করতে-হবে। | পৌরসভা ও সংশ্লিস্ট সকল |
| ৩২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান-<br>ক) আগামী ১৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখ জাতীয় স্থানীয় সরকার দিবসের উদ্বোধনী অনুষ্ঠানে দেশের সকল স্থানীয় সরকার জনপ্রতিনিধিগণ গণভবনে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সাথে সাক্ষাৎ করবেন।<br>উপজেলা পর্যায়ে আগামী ১৭,১৮ ও ১৯ সেপ্টেম্বর ২০২৩ ৩ দিনব্যপী জাতীয় স্থানীয় সরকার উন্নয়ন মেলা অনুষ্ঠিত হবে। উপজেলা পরিষদ চত্তরে আয়োজিত মেলায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ স্টল দিয়ে তাদের মাধ্যমে বাস্তবায়িত উন্নয়ন কার্যক্রম ও প্রদত্ত সেবা সংক্রান্ত বিষয়াদি প্রদর্শনের ব্যবস্থা করবেন।<br>খ) সড়ক দূর্ঘটনায় আহতদের সাহায্যের জন্য বিআরটিএ এর উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে কমিটি আছে। নির্ধারিত ফরমে আবেদন করা হলে কমিটি যাচাই-বাছাই করে গুরুত্বানুযায়ী সাহায্যের জন্য সুপারিশ করতে পারবে।<br>গ) হাট বাজারসমূহে প্রতিটি পণ্যের মূল্য তালিকা দৃশ্যমান স্থানে টাংগানোর জন্য সরকারি নির্দেশনা সভাকে অবহিত করে বলেন, প্রাথমিক পর্যায়ে সুন্দরগঞ্জ পৌরসভায় মীরগঞ্জ হাট ও সুন্দরগঞ্জ পৌর বাজারে কার্যকরী করার লক্ষ্যে পৌর মেয়র মহোদয় দোকানীদের সাথে আলোচনা করে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করে মূল্য তালিকা প্রদর্শনের ব্যবস্থা নিতে পারেন।<br>ঘ) ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধিতে সাধারণ মানুষ অস্থির হয়ে পড়ছেন। এর বিস্তার রোধে ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে সকলকে কাজ করতে হবে।<br>ঙ) সর্বজনীন পেনশন স্কীম সরকারের একটি বিশেষ কর্মসূচি। এ কর্মসূচি বাস্তবায়নে পেনশন সুবিধা নিতে উদ্বুদ্ধ করতে সকলকে একযোগে কাজ করতে হবে।<br>চ) উপজেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটিসমূহের নিয়মিতভাবে সভা অনুষ্ঠান করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিল করার উপরগুরুত্বারো করেন।<br>ছ) ইউনিয়ন পরিষদসহ সকল বিভাগের ওয়েব পোর্টাল জরুরীভাবে হালনাগাদ করতে হবে।<br>জ) সুন্দরগঞ্জ পৌরসভা ২০২৩-২০২৪ অর্থ বছরে সুন্দরগঞ্জ উপজেলা পরিষদের বিভিন্ন স্থাপনার (অফিস ভবন, বাসাবাড়ী ও অন্যান্যসহ) পৌর কর পরিশোধের জন্য ১৭,১১,৯৬৫/- ( সতের লক্ষ এগার হাজার নয় শত পয়ষট্টী) টাকার বিল দাখিল করেছেন। যা পরিশোধ করা যেতে পারে। | ক) আগামী ১৭,১৮ ও ১৯ সেপ্টেম্বর ২০২৩ ৩ দিনব্যপী উপজেলা পরিষদ চত্তরে অনুষ্ঠিতব্য জাতীয় স্থানীয় সরকার উন্নয়ন মেলায় সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, উপজেলা পল্লী উন্নয়ন অফিস ও উপজেলা সমবায় অফিস মেলায় স্টল স্তাপন করে অংশ গ্রহণ নিশ্চিত করবেন।<br>খ) সড়ক দূর্ঘটনায় আহতদের সাহায্যের জন্য প্রচারণা চালিয়ে সংশ্লিষ্টদের সুবিধা গ্রহণের সুযোগ নিতে নসহযোগিতা করতে হবে।<br>গ) সুন্দরগঞ্জ পৌরসভায় মীরগঞ্জ হাট ও সুন্দরগঞ্জ পৌর বাজারে পণ্যের মূল্য তালিকা টাংগানো নিশ্চিত করতে হবে।<br>ঘ) ডেঙ্গুর বিস্তার রোধে ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে সকল ইউনিয়ন পরিষদ ও পৌরসভাকে সুনির্দিষ্ট প্রকল্প গ্রহণ করতে হবে।<br>ঙ) সর্বজনীন পেনশন স্কীম বাস্তবায়নে পেনশন সুবিধা নিতে সংশ্লিষ্টদের উদ্বুদ্ধ করতে হবে।<br>চ) উপজেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটিসমূহের নিয়মিতভাবে সভা অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।<br>ছ) ইউনিয়ন পরিষদসহ সকল বিভাগের ওয়েব পোর্টাল আগামী ৩ দিনের মধ্যে হালনাগাদ করতে হবে।<br>জ) সুন্দরগঞ্জ পৌরসভা ২০২৩-২০২৪ অর্থ বছরে সুন্দরগঞ্জ উপজেলা পরিষদের পৌর কর বাবদ দাখিলকৃত ১৭,১১,৯৬৫/- ( সতের লক্ষ এগার হাজার নয় শত পয়ষট্টী) টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, পৌর মেয়র, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিস্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৩ | জনাব মোঃ আশরাফুল আলম সরকার চেয়ারম্যান উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সৌহার্দ্যপূর্ণ পরিবেশে সভা অনুষ্ঠানের জন্য সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। জাতীয় স্থানীয় সরকার দিবসের উদ্বোধনী অনুষ্ঠানে গণভবনে আমন্ত্রণের জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান<br><br>১৭, ১৮ ও ১৯ সেপ্টেম্বর ২০২৩ ৩ দিনব্যপী উপজেলা পরিষদ চত্তরে অনুষ্ঠিতব্য জাতীয় স্থানীয় সরকার উন্নয়ন মেলায় সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, উপজেলা পল্লী উন্নয়ন অফিস ও উপজেলা সমবায় অফিসকে অংশ গ্রহণ করে ভার ভাল কর্মকান্ড উপস্থাপন করতে হবে<br>ছাপরহাটী ইউনিয়নের উত্তর মরুয়াদহ গ্রামের জনাব মো: আল আমিন মিয়া এর সেচ লাইসেন্স যার নং-১৬৭৫ ইস্যুর তারিখ: ০৩/০৩/২০২২, উপজেলা সেচ কমিটির সদস্য সচিব জনাব অফিস ম মরুফ আশরাফি সহকারী প্রকৌশলী বিএডিসি, গাইবান্ধা (ক্ষুদ্রসেচ) জোন, গাইবান্ধা'র ৩১/০১/২০২৩ তারিখের স্বাক্ষরিত পত্র নং-৫৭৯ এর মাধ্যমে ডিজিএম পল্লী বিদ্যুৎ সুন্দরগঞ্জকে বিদ্যুৎ সংযোগ স্থগিত করার জন্য অনুরোধ করেছেন। উক্ত পত্রে মো: আল আমিন মিয়া এর গ্রাম দেখানো হয়েছে; ঠিকানা ভুল কারণ ছাড়াই লাইসেন্স সঠিক থাকা অবস্থায় সংযোগ স্থগিত করা বিধি সম্মত হয় নি মর্মে প্রতীয়মান হয়। বিষয়টি সঠিকভাবে অনুসন্ধান করে লাইসেন্সটি বহাল রাখার ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন | ১৭, ১৮ ও ১৯ সেপ্টেম্বর ২০২৩ ৩ দিনব্যপী উপজেলা পরিষদ চত্তরে অনুষ্ঠিতব্য জাতীয় স্থানীয় সরকার উন্নয়ন মেলায় সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, উপজেলা পল্লী উন্নয়ন অফিস ও উপজেলা সমবায় অফিসকে আবশ্যিকভাবে অংশ গ্রহণ করতে হবে।<br>জনাব মো: আল আমিন মিয়া এর সেচ লাইসেন্সের বিষয়টি অনুসন্ধান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বা. অফিসার, উপজেলার সকল দপ্তর প্রধান, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |

**১১/০৮/২০২৩ হতে ১২/০৯/২০২৩ পর্যন্ত সময়ে উপজেলা পরিষদের ব্যয়সমূহ ঃ**

| | | | |
|---|---|---|---|
| ক | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের আগস্ট -২৩ মাসের সম্মানী ভাতা বাবদ | ঃ | ৯৯,০০০/- |
| খ | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের আগস্ট -২৩ মাসের ভ্রমণ ভাতা বাবদ | ঃ | ৩৫,৭৫০/- |
| গ | আগস্ট -২৩ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুসাঙ্গিক ব্যয় | ঃ | ৩৫,০০০ |
| ঘ | আগস্ট -২৩ মাসের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাতের ব্যয় | ঃ | ৬০,০০০/- |
| ঙ | আগস্ট -২৩ মাসের উপজেলা পরিষদে দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত ২ জন শ্রমিকের মজুরী বাবদ ব্যয় | ঃ | ২২,০০০/- |
| চ | আগস্ট -২৩ মাসের উপজেলা পরিষদ জীপ গাড়ী নং- গাইবান্ধা ঘ-১১- ০০২২ এর জ্বালানী বাবদ ব্যয় | ঃ | ৩৬,২৪৬/- |
| ছ | আগস্ট -২৩ মাসের উপজেলা পরিষদের আওতায় বিভিন্ন দপ্তরের বিদ্যুৎ বিল পরিশোধ বাবদ ব্যয় | ঃ | ৪০,৪৬৫/- |
| জ | উপজেলা পরিষদের ৪ জন কর্মচারীর সিপিএফ হিসেবে তাদের মূল বেতনের ১০% হারে জুলাই ও আগস্ট/২০২৩ ২ মাসের অর্থ জমা বাবদ ব্যয় | ঃ | ১০,১৫৮/- |
| ঝ | ৫ আগস্ট জাতির জনকের জ্যেষ্ঠ পুত্র শেখ কামালের ৭৯ তম জন্ম দিন, ৮ আগস্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুননেছা মুজিব এর জন্মদিন পালন বাবদ ব্যয় | ঃ | ৫০,০০০/- |

বিস্তারিত আলোচনার পর বর্ণিত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভা পরিচালনায় সহযোগিতা প্রদানে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আশরাফুল আলম সরকার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৩২৯১.০১১.০১.০০২.২০১৫- ৬৫৮ (৪৫)

তারিখ : ২৯ ভাদ্র ১৪৩০ / ১৩ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯, গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ)।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৭। মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা, গাইবান্ধা।
০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
১০। উপজেলা . . . . . . . . . . . . . . অফিসার (সকল) সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
১১। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা, গাইবান্ধা।
১২। চেয়ারম্যান, . . . . . . . . . . ইউপি (সকল), সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
১৩। অফিস কপি।

(মোহাম্মদ নূর-এ-আলম)
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোন : ০২৫৮৯৯৮৩৮০২
unosundarganj@mopa.gov.bd